গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

**ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ণ ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক (অর্থ), বিপিসি |
| সভার তারিখ | : | ২৯/১২/২০২২ |
| সভার সময় | : | দুপুর ০৩.০০ ঘটিকা |
| স্থান | : | বোর্ড সভা কক্ষ, প্রধান কার্যালয়, চট্টগ্রাম। |
| উপস্থিতি | : | পতাকা-ক |

সভার প্রারম্ভে সভাপতি কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত বছরসমূহের ন্যায় ২০২২-২৩ অর্থবছরেও ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও সুষ্ঠভাবে বাস্তবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনে সকলের সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে আশাবাদ জ্ঞাপন করা হয়। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচকসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | কর্মসম্পাদন কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সদস্য |
|---|---|---|---|---|
| ১ | ১.১) সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ে সংস্থার হিসাব বিভাগ কর্তৃক গৃহীত পেনশন ম্যানেজমেন্ট সফটওয়্যারটি ইন্সটলসহ আনুষঙ্গিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়। মে, ২০২৩ সময়ের মধ্যে উক্ত সফটওয়্যারটি কার্যকরের নিমিত্ত প্রয়োজনীয় ধাপ সমূহের বিষয়ে বিস্তারিত আলোকপাত করা হয়। | ২০২২-২৩ সময়ে সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ে হিসাব বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন পেনশন ম্যানেজমেন্ট সফটওয়্যারটি যাতে মে, ২০২৩ সময়ের মধ্যে সমাপ্ত হয় এবং এর ব্যবহারিক প্রয়োগ শুরু করা যায় সে বিষয়ে হিসাব বিভাগ কর্তৃক কার্যক্রম চলমান রাখতে হবে। | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| | ১.২) ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | সংস্থার ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতপূর্বক নির্ধারিত সময় ১৩-১০-২০২২ খ্রি: তারিখের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | ডাটাবেজ নির্ধারিত সময়ের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখার জন্য বলা হয়। | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| | ১.৩) ই-নথির ব্যবহার বৃদ্ধি | সংস্থায় ই-নথির ব্যবহার শতভাগ করার লক্ষ্যে সকল বিভাগ কর্তৃক দাপ্তরিক কার্যাবলী ই-নথির মাধ্যমে সম্পাদনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সকল বিভাগ কর্তৃক ই-নথির ব্যবহার বৃদ্ধি পেয়েছে মর্মে সভায় অবগত করা হয়। তবে সংস্থার বন্টন ও বিপণন বিভাগ কর্তৃক ই-নথির ব্যবহার অপেক্ষাকৃত কম হওয়ায় তা বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আলোচনা করা হয়। | ই-নথির ব্যবহার উত্তরোত্তর বৃদ্ধি ও শতভাগ করার লক্ষ্যে সকল বিভাগে ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে। এছাড়া বন্টন ও বিপণন বিভাগ কর্তৃক ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য এমআইএস বিভাগ হতে পত্র দেয়ার বিষয়ে সিদ্ধান্ত হয়। | উপ-ব্যবস্থাপক (এমআইএস) |

চলমান পাতা-০২/-

| ক্রমিক | কর্মসম্পাদন কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সদস্য |
|---|---|---|---|---|
| | ১.৪) ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ৩১-১০-২০২২ খ্রি: তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে বিগত ২৩-১০-২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত এ সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী গৃহীত কর্মপরিকল্পনা ৩০-১০-২০২২ খ্রি: তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয় মর্মে সভায় জানানো হয়। এছাড়া, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের ক্ষেত্রে অর্ধ-বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বিপিসি প্রশিক্ষণ কেন্দ্রে ১টি কর্মশালা আয়োজন করার বিষয়টি সভায় অবহিত করা হয়। | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন ও চূড়ান্তকরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মশালা আয়োজন করায় সন্তোষ প্রকাশ করা হয়। ভবিষ্যতেও বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মশালা আয়োজনের বিষয়ে বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন), সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| ২ | ২.১ তথ্য বাতায়ন হালনাগাদকরণ | প্রতিটি বিভাগ ও শাখা হতে প্রাপ্ত ত্রৈমাসিক/ষাণ্মাসিক/বার্ষিক তথ্যসমূহ এমআইএস বিভাগ কর্তৃক তথ্য বাতায়নে হালনাগাদের বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে, ফোকাল পয়েন্টগণ কর্তৃক সরবরাহকৃত স্ব-স্ব বিভাগ সংশ্লিষ্ট তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে মর্মে জানানো হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য বাতায়ন হালনাগাদ রাখার নিমিত্ত প্রতিটি বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ-কে নির্দেশনা প্রদান করতে হবে। | সচিব, বিপিসি |
| | ২.২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ২.২.১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিমিত্ত অর্ধ-বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বিপিসি প্রশিক্ষণ কেন্দ্রে ২টি প্রশিক্ষণ আয়োজন করার বিষয়টি সভায় অবহিত করা হয়। | বিপিসি প্রশিক্ষণ কেন্দ্রে বা অন্য যে কোন প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| | | ২.২.২) ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের মোট ৮০% ব্যয় করার বিষয়ে আলোচনা করা হয়। উল্লেখ্য, অর্থ বিভাগের ১৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-৮৩ নং স্মারকে জারীকৃত পত্রে এপিএ/ইনোভেশন সংক্রান্ত বৈদেশিক ভ্রমণ বন্ধ রয়েছে। এক্ষেত্রে বিপিসি'র হিসাব বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন পেনশন স্কীম সংক্রান্ত সফটওয়্যার ইন্সটলেশন ও কমিটি'র সদস্যদের দেশে প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যেতে পারে। এ খাতে বর্তমানে ১০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। | বিপিসি'র হিসাব বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন পেনশন স্কীম সংক্রান্ত সফটওয়্যার ইন্সটলেশন ও কমিটি'র সদস্যদের দেশে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| | | ২.২.৩) কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত তারিখে মন্ত্রি-পরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |

চলমান পাতা-০৩/-

| ক্রমিক | কর্মসম্পাদন কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সদস্য |
|---|---|---|---|---|
| | | ২.২.৪) আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত তারিখে মন্ত্রি-পরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| | | ২.২.৫) দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যুনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করতে হবে। | বর্তমান প্রেক্ষাপটে বিদেশ ভ্রমণ সম্ভব না হওয়ায় দেশে বাস্তবায়িত ন্যুনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে দেশের অভ্যন্তরে বিশেষত পেট্রোবাংলার আওতাধীন বিভিন্ন কোম্পানী বা যে কোন প্রযুক্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের লক্ষ্যে তথ্য সংগ্রহসহ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে হবে। | ব্যবস্থাপক/উপ ব্যবস্থাপক (প্রশাসন) সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

02/01/2023

(কাজী মুহাম্মদ মোজাম্মেল হক)
পরিচালক (অর্থ), বিপিসি
এবং
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি

নং: ২৮.০৩.০০০০.০৪১.০৮২.০১.০১৪.১৭

তারিখঃ ০২/০১/২০২৩

সদয় অবগতি এবং কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক
(নিরীক্ষা/বাঃ ও অপাঃ/হিসাব/বন্টন ও বিপণন/অর্থ/ পরিঃ ও উন্নঃ), বিপিসি।
২. উপ-মহাব্যবস্থাপক ..................................(সকল), বিপিসি।
৩. ব্যবস্থাপক/শাখা প্রধান..............................(সকল), বিপিসি।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
৫. পরিচালক (অপাঃ ও পরিঃ/বিপণন/অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বিপিসি।
৬. সচিবের ব্যক্তিগত সহকারী, বিপিসি।
৭. অফিস কপি।

০২.০১.২০২৩

(আমেনা ফেরদৌসী)
ব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বিপিসি
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি